তারিখ ..2.6 DEC.1995 .....
পৃষ্ঠা ৬ কলাম ৭ ......

দৈনিক বাংলা

277

# ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষা ইনস্টিটিউট ঃ দেশী-বিদেশী শিক্ষার্থীদের মিলনকেন্দ্র

**মুজতবা খন্দকার ঃ** তখনও সূর্য ডোবেনি। টিএসসি এবং রোকেয়া হলের সামনের আড্ডায় ছাত্রছাত্রীদের ভিড় বাড়ছে। ঠিক এই সময়ে বৈচিত্রপ্রিয় একদল শিক্ষার্থীকে দেখলাম ভাষা ইনস্টিটিউটের ব্যালকনিতে দাঁড়িয়ে। কৌতূহলী হয়ে তাদের কাছে গেলাম। আলাপে, জানা গেল তাঁরা শিক্ষায় কিভাবে তারা নিরন্তর চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

"ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউট" নানাভাষী মানুষের স্বপ্নকে একটি বিন্দুতে মিলিত করেছে বহুদিন থেকে। যারা ভাষা ইনস্টিটিউটে কোর্স করেন তাদের বেশীর ভাগই তারুণ্যের প্রতিনিধি। এছাড়াও রয়েছে বিভিন্ন পেশায় নিয়োজিত ব্যক্তিরা। রোজ বিকালে টিএসসি হাকিম চত্বর, রোকেয়া হলের সামনে বন্ধুবান্ধবীদের সাথে ভার্সিটির অধিকাংশ ছাত্রছাত্রী আড্ডা কিংবা নিছক গল্প করে সময় কাটিয়ে দেন। তখন অনেক ছাত্র জ্ঞানার্জনের প্রত্যাশায় আন্তরিকভাবে মাতৃভাষার বাইরে আরো একটি নতুন ভাষা শিখতে ব্যস্ত থাকেন। শুধু জ্ঞানার্জনই নয়, একই সাথে তারা ভিনদেশী সমাজ-সংস্কৃতি, আচার-আচরণ, নৈতিক-ধর্মীয় মূল্যবোধ সর্বোপরি নানামাত্রিক দেশপ্রেমের সঙ্গে পরিচিত হন ভিন্ন ভাষার বর্ণমালা পড়তে পড়তে।

ভাষা ইনস্টিটিউটে জার্মান ভাষায় কোর্স করছেন লোক প্রশাসন বিভাগের মাস্টার্সের ছাত্র সোহাগ। তিনি জানান, জার্মানদের ভেতরে শিষ্টাচারবোধ প্রখর। আমরা কাউকে উপকার করলে কিংবা কারো দ্বারা উপকৃত হলে তাকে ন্যূনতম ধন্যবাদ দিতে প্রায়শ ভুল করি। কিন্তু জার্মানরা এ বিষয়ে ভীষণ সচেতন। তারা একে শিষ্টাচারবর্জিত কাজ হিসাবে বিবেচনা করে।

রোমান্টিক ও ছন্দময় ভাষা স্প্যানিশ আর ফরাসী। ফরাসীতে বেশ কিছু শব্দ আছে, অন্য ভাষায় যার কোন প্রতিশব্দ নেই। যেমন 'রদেভ্যু' এই শব্দটির কোন প্রতিশব্দ নেই। বাংলায় আমরা যাকে বলে থাকি 'অভিসার'। এই কথাগুলো বললেন এই ভাষা শিখছেন এমন একজন শিক্ষার্থী। আবার ইটালীয় ভাষাও খুব শ্রুতিমধুর। ভাষাপ্রেমিক এই যুবকদের কাছে স্প্যানিশ, ফ্রেঞ্চ, ইটালীয়, কিংবা অন্য কোন ভাষা বড় কথা নয়। তারা বিভিন্ন প্রতিবন্ধকতা সত্বেও এসব ভাষা শিখছেন এবং একই সঙ্গে ভালবাসেন। কিছুদিন ভিন দেশী ভাষা চর্চা করলে তা ছাড়তে কষ্ট লাগে, এ কথা বললেন রাহুল মতিন নামে একজন শিক্ষার্থী। পড়েন গণযোগাযোগ ও সাংবাদিকতায়। জড়িত রয়েছেন একটি দৈনিক পত্রিকার সঙ্গে বিশ্ববিদ্যালয় রিপোর্টার হিসাবে। ভীষণ ব্যস্ততার মাঝেও মতিন প্রতিদিন সন্ধ্যায় জার্মান ভাষার কোর্স করছেন।

আধুনিক ভাষা ইনস্টিটিউট ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭টি ইনস্টিটিউটের অন্যতম একটি। এই ইনস্টিটিউটে বিদেশীদের জন্য বাংলাভাষাসহ সর্বমোট ১১টি ভাষা শেখার সুযোগ রয়েছে। বাংলা, ইংরেজী, আরবী, ফারসী, ফরাসী, চীনা, রুশ, ইটালীয়, জার্মান, জাপানীজ এবং স্প্যানিশ ভাষার কোর্সগুলো চলছে এখানে। এখানে ভর্তি হওয়া মোটামুটি সহজ। বিভিন্ন ভাষার ওপর পর্যায়ক্রমে ৪ বছর মেয়াদী কোর্স চালু রয়েছে। '৫০-এর দশকের শুরুতে শুধুমাত্র ফ্রেঞ্চ এবং জার্মান ভাষা পড়ানো হতো বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ছাত্রছাত্রীদের। এরপর ১৯৬৪ সালে বিদেশী ভাষা নামে একটি বিভাগ প্রতিষ্ঠা করা হয়। তখন চীনা, ফরাসী জার্মান, জাপানীজ এবং রুশ ভাষা পড়ানো হত। স্বাধীনতার পর ১৯৭৪ সালে বিদেশী ভাষা বিভাগকে আধুনিক ভাষা ইনস্টিটিউটে রূপান্তর করা হয়। তখন থেকেই ইনস্টিটিউট বিপুলভাবে সমাদৃত।

আধুনিক ভাষা ইনস্টিটিউটের ছাত্রছাত্রীরা শুধু ভাষাই শেখেন না। সংশ্লিষ্ট দেশগুলোর বিভিন্ন দিবসও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে পালন করে থাকেন। এছাড়া সংশ্লিষ্ট দেশগুলোর প্রবাসীদের নিয়ে তারা প্রায়শ 'গেট টুগেদার' করেন। ভাষা শেখার মাধ্যমে তারা মাঝে মাঝে বিদেশী চলচ্চিত্র দেখারও সুযোগ পেয়ে থাকেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীরা যখন শ্রেণীকক্ষ থেকে বেরিয়ে আসে তখন সেই পড়ন্ত বিকালে ভাষা ইনস্টিটিউটে শ্রেণীকক্ষগুলো ভাষাপ্রেমিক শিক্ষার্থীদের সরব উপস্থিতিতে প্রাণবন্ত হয়ে ওঠে। ভাষাপ্রেমের দুর্বার আকর্ষণেই একজন পৌঢ় বা তরুণ এখানে বয়সের গণ্ডি পেরিয়ে গড়ে তোলেন নিবিড় বন্ধুত্ব। ভাষার মাধ্যমে গড়ে ওঠে এক দেশের মানুষের সঙ্গে অপর দেশের মানুষের মানবিক সেতুবন্ধন।